



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

সঞ্চয় ও ঋণ বিভাগ

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৫-২৬/৫৯

তারিখ: ২৮/০৮/২০২৫

সকল শাখা ব্যবস্থাপক

ও

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: খেলাপি ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণসহ ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত বিশেষ নির্দেশনা।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব মোঃ আব্দুল খালেক পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হিসেবে ২৬ আগস্ট, ২০২৫ তারিখে যোগদান করেছেন। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগদান পরবর্তী অনানুষ্ঠানিক মতবিনিময় সভায় তিনি এ ব্যাংকের সার্বিক অবস্থা সম্পর্কে অবহিত হয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন। তিনি ব্যাংকের খেলাপি ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণসহ ২০২৫-২৬ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাত্ক্ষণিক নির্দেশনা প্রদান করেন।

০৩। ইতোমধ্যে ব্যাংকের ২০২৫-২৬ অর্থবছরের নতুন সদস্য ভর্তি, আমানত সংগ্রহ, ঋণ আদায় (শ্রেণীকৃত ঋণসহ), ঋণ বিতরণ এবং মুনাফা অর্জনের শাখাভিত্তিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। ২১ জুলাই, ২০২৫ তারিখে অনুষ্ঠিত ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক সম্মেলনে জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ খেলাপি ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ বিষয়ে সুনির্দিষ্ট অঙ্গীকার প্রদান করেছেন। ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়নের নিমিত্ত খেলাপি ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণসহ বাৎসরিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন করা অতীব প্রয়োজন। এর মাধ্যমে ব্যাংকের কৌশলগত লক্ষ্যমাত্রা তথা ভিশন ও মিশন অর্জন করা সম্ভবপর হবে। বর্ণিতাবস্থায়, ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনসহ খেলাপি ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ২১ জুলাই, ২০২৫ তারিখে অনুষ্ঠিত ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক সম্মেলনে অঙ্গীকার অনুযায়ী খেলাপি ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ।
- নিয়মিত মাঠ পরিদর্শন ও সমিতির উঠান বৈঠক আয়োজনের মাধ্যমে ঋণ আদায় ও ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শত ভাগ অর্জন নিশ্চিতকরণ।
- শ্রেণীকৃত ঋণ আদায়ের হাতিয়ারসমূহের (নগদ আদায়, ঋণ পুনঃতফসিলিকরণ, ঋণের সার্ভিস চার্জ মওকুফ, মৃত্যুঝুঁকি আচ্ছাদন স্কিম, ঋণ অবলোপন) যথোপযুক্ত ব্যবহারের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ এর হার Single Digit এ নামিয়ে আনা।
- আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করত ৩ (তিন) হাজার কোটি টাকার মাইল ফলক অর্জন করতে অবশ্যই সচেষ্ট হতে হবে।
- ঋণ ও সঞ্চয়ের আদায়কৃত অর্থ কোনো অবস্থাতেই হস্তমজুদ না করে অর্থ আদায়ের দিন ব্যাংকে জমা করতে হবে, যুক্তি সংগত কারণে অর্থ আদায়ের দিন জমা করতে না পারলে পরবর্তী কর্মদিবসে অবশ্যই ব্যাংকে জমা দিতে হবে।

আপনাদের বিশ্বস্ত


(সালমা বানু) ২৮/০৮/২০২৫

ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৫-২৬/৫৯(৪২)

তারিখ: ২৮/০৮/২০২৫

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- বিভাগ প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আইটি বিভাগের বিভাগীয় প্রধানকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- অফিস নথি।